পঞ্চগড়ের তেঁতুলিয়ায় নানা আয়োজনে পহেলা বৈশাখ পালিত

মুহম্মদ তরিকুল ইসলাম, পঞ্চগড়:: সারাদেশের ন্যায় পঞ্চগড়ের তেঁতুলিয়া উপজেলায় আনন্দ-উচ্ছ্বাস আর নানা আয়োজনের মধ্যে দিয়ে বাঙালির প্রাণের উৎসব পহেলা বৈশাখ ‘বাংলা নববর্ষ-১৪৩২’ পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষ্যে উপজেলা প্রশাসনের আয়োজনে আনন্দ শোভাযাত্রা, বৈশাখী মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, গ্রামীণ খেলাদুলা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

সোমবার (১৪ এপ্রিল) সকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদ প্রাঙ্গন থেকে একটি বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রার র্যালী বের হয়ে উপজেলা শহরের প্রধান ও গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে এসে উপজেলা বৈশাখী মঞ্চে গিয়ে শেষ হয়। এর পরে এসো হে বৈশাখ গান ও দেশাত্ববোধক গান, লোকজ নৃত্য ও আবৃত্তির মাধ্যমে নববর্ষকে আহবান করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার মো. আফরোজ শাহীন খসরু’র সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে উপজেলা কৃষি অফিসার তামান্না ফেরদৌস, উপজেলা সমাজসেবা অফিসার শাহ্ মো. আল আমিন, উপজেলা মৎস্য অফিসার মাহবুবুর রহমান, উপজেলা সাব-রেজিস্টার মো. রাশেদুজ্জামান, উপজেলা প্রকৌশলী মো. ইদ্রিস আলী খাঁন, উপজেলা জনস্বাস্থ্য উপসহকারী প্রকৌশলী মিঠুন কুমার রায়, উপজেলা বিএনপির আহবায়ক

শাহাদৎ হোসেন রঞ্জু সহ বিভিন্ন নেতাকর্মী ও তার অঙ্গ সংগঠন প্রমূখ উপস্থিত ছিলেন। এছাড়াও বিভিন্ন সরকারি-বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, সাংবাদিক, সামাজিক-সাংস্কৃতিক সংগঠন এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

উপজেলা নির্বাহী অফিসার মো. আফরোজ শাহীন খসরু বলেন, পহেলা বৈশাখ বাংলা নববর্ষ পালন বাঙালি সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। আবহমানকাল ধরে বাঙালি সমাজ নববর্ষ উদযাপন করে আসছে। ধর্ম-বর্ণ নির্বিশেষে বাংলা নববর্ষের এ দিনটি বাঙালি জাতির এক মহামিলন মেলায় রূপান্তরিত হয়। বিগত বছরের সকল ব্যর্থতা, গ্লানিসহ সবকিছু ভুলে নববর্ষকে বরণ করে নতুন উদ্যমে কাজ করার আহ্বান জানান।